


2011
Agamani



ଆଗାମୀ

୧୫୫୫

Durga Puja Schedule 2011

<i>Gregorian Calendar</i>	<i>Bengali Calendar</i>	<i>Timings</i>
<hr/>		
<u>Shasti</u> October 2, 2011 Sunday	15 Aswin 1418	Durga Shasti Puja - 7:30PM
<hr/>		
<u>Saptami</u> October 3, 2011 Monday	16 Aswin 1418	Maha Saptami Puja - 10:00AM Sandhya Arati - 7:00PM
<hr/>		
<u>Ashtami</u> October 4, 2011 Tuesday	17 Aswin 1418	Maha Ashtami Puja - 10:00AM Sandhi Puja - 3:21—4:09PM Sandhya Arati - 7:00PM
<hr/>		
<u>Navami</u> October 5, 2011 Wednesday	18 Aswin 1418	Maha Navami Puja - 10:00AM Hom Yagna - 1:00PM Sandhya Arati - 7:00PM
<hr/>		
<u>Dashami</u> October 6, 2011 Thursday	19 Aswin 1418	Bijoya Dashami Puja - 9:00AM

Table of Contents

Puja Schedule.....	Front Cover-Inside
Message from the President - Sumita Biswas.....	Pg.4
Message from the Puja Chair Person - Asit Dey.....	Pg.4
Editorials - Sunu Das and Neilloy Roy.....	Pg.5
Executive Committee 2010-2011.....	Pg.56
Puja Committee 2011.....	Pg.56

Bengali Writings:

Kichu Hasi Kichu Thatta—Chitta Ghosh.....	Pg.6
Manini—Bibhuti Mandal.....	Pg.12
Manasik Shantir Path—Makhan Bal.....	Pg.15
Sharadia Prarthana—Shruti Mukhopadhaya.....	Pg.19
Tumi—Bibhuti Mandal.....	Pg.20
Puja Paddhati—Makhan Bal.....	Pg.21
Sabuj Bangla—Karabi Roy Chowdhury.....	Pg.26
Annya Kolkata—Arpita Saha.....	Pg.31
Shakti Pujar Sandhane—Makhan Bal.....	Pg.33
Premik Premika—Chitta Ghosh.....	Pg.36
Elora Durga Puja—Ashok Mukhopadhaya.....	Pg.37
Ekti Prabandha—Sunu Das.....	Pg.39

English Writings:

Durga Puja—Srabani Roy Das.....	Pg.43
Darwinian Medicine—Samir Bhattacharya.....	Pg.44
Calling of the Sea —Samir Bhattacharya.....	Pg.50
Moving to North America— Prachi Dey.....	Pg.52

Miscellaneous :

Cover Design by Richard Erlac.....	Front Cover
Sketch by Shurti Mukerji.....	Pg.10
Painting by Ayusha Pandey.....	Pg.12
Drawing by Arnab Mandal.....	Pg.13
Drawing by Abhishek Chakraborty.....	Pg.18
Painting by Shruti Mukerji.....	Pg.20
Photos from 2010 and 2011 Events.....	Pg.29
Drawings by Aninda Saha.....	Pg.31
Drawings by Austin Roy Chowdhury.....	Pg.35 and 41
Painting by Anish Pandey.....	Pg.37
“Did You Know” complied by Ayusha and Anish Pandey....	Pg.53
Bichitra Member Directory.....	Pg.54
Acknowledgments.....	Pg.55
Advertisement Index.....	Pg.57



বিকল্প

Message from the President

Namaskar,

On the occasion of the 32nd. Durga puja celebration by Bichitra-The Bengali Association of Manitoba. Inc. I extend my heartiest welcome and best wishes to you, your family and friends to this year's Sharadiya Durga Puja.

The joy and happiness created in our hearts by observing this sacred festival has engendered a sense of unity amongst all of us. The holy atmosphere created by worshiping Ma Durga and her family during this festival as much we realize that we should not let our minds be covered by the darkness of ignorance and false pride, arrogance, jealousy, anger and ego. We should make an honest effort to light lamp of friendship, kindness and forgiveness. Let us make a resolution to be congenial and helpful to one another and abhor hatred of any kind.

Sharadiya Durga Puja is an occasion for all to join in the festivities of sharing joy, soaking in our rich traditions and culture. Join us and participate in the celebration.

I wish all the members of Bichitra a very happy, healthy, prosperous and successful Durga Puja

Sumita Biswas.
President-Bichitra
Bengali Association of Manitoba. Inc.

Message from the Puja Chair Person

Dear Members, Friends, and Well-Wishers,

On behalf of Bichitra, I would like to welcome you all in our 32nd year Durga Puja. Devi (Goddess) Durga is travelling all the way from Kailsh to earth just to enjoy few days of her vacation with her entire family to her Baper Bari. Her visit to earth opens up the opportunity to enjoy the festive time by exchanging sweets, clothes, and well-wishes. Even though this is a prime festival for Bengalis around the world, Durgotsab (this Festival) has become truly Sarbojonin (for everyone).

I am very glad to be the chairperson of this year's Durga Puja and my vision for this year's Durga Puja is participation from everyone in any way. This will make our enjoyment to the fullest and we will cherish our engagement and contribution to the puja for years after years.

Wish you all "Happy Durga Puja" and Enjoy our Puja.

With Regards,

Asit Dey

দুর্গাপূজা

“আশ্বিনের মাঝামাঝি উঠিল পূজোর বাজনা বাজি”-- দুর্গা পূজো সমাগত। শরতের হিমেল হাওয়া, ঝলমলে মিষ্টি রোদ, কাশের বনে হিল্লোল আর শিশির ভেজা ঝরা শিউলির গন্ধ-বাতাস মায়ের আবাহন জানাচ্ছে। দুর্গাপূজো বাঙালীর শ্রেষ্ঠ জাতীয় উৎসব। মহালয়ার পর দেবীপঙ্কের ষষ্ঠী থেকে দশমী পর্যন্ত এই পাঁচদিন সারা বাংলা ও বাঙালী উৎসবের আনন্দে মেতে থাকে। কোথাও কয়েক শতাব্দী প্রাচীন বংশ পরম্পরায় চলে আসছে বাড়ীর পূজো, আবার কোথাও অধুনা প্রচলিত সর্বজনীন পূজো। সর্বত্রই সিংহবাহিনী - অসুরনাশিনী - দশপ্রহরণধারিণী - ত্রিনয়নী দুর্গার ভূবনমোহিনী রূপ। দৃষ্টি নন্দন পূজো মন্ডপের অসাধারণ শিল্প-নিপুনতা, চোখ-ধাঁধানো আলোকসজ্জার চমক আর দর্শনাকাজী অগনিত মানুষের ভীড়। এক কথায় হুজুগে বাঙালীর আতিশয্য ও উল্লাসিতার আবেগময় বর্হিপ্রকাশ। এই বাহ্যিক আড়ম্বর সাময়িক ভাবে পূজোর কটা দিন আমাদের দৈনন্দিন জীবনের একঘেয়েমি ভুলিয়ে দেয়। মনটা প্রফুল্ল থাকে। পূজোয় আধ্যাত্মিক দিকও আছে। সন্ধ্যা-আরতির সময় ধূপ-ধূনোর সুবাস, শাঁখের আওয়াজ, ঢাক-টোলের বাজনা আর পল্লপ্রদীপের কম্পমান আলোক-শিখা সব মিলিয়ে এক অনির্বচনীয় অনুভূতির ভাব সৃষ্টি করে যখন হৃদয় ভক্তিতে উচ্ছ্বসিত হয়। প্রার্থনা করি --

“রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি।”

বিচিত্রার সদস্যবৃন্দকে জানাই আন্তরিক শারদ অভিনন্দন।

সুনু দাস

Editorial

Hello All,

Going outside this summer felt like walking into a nuclear reactor, unfortunately for those who enjoy the heat, those days are winding down. We are now preparing to step out of the nuclear reactor and into the icebox. Curiously though, this icebox will not be void of heat, in fact it will radiate thermal energy. What is the source of this energy you ask? Well it comes from the heart of the Hindu-Bengali people of Winnipeg. This energy is the product of the love they have and share for each other and is symbolized by Durga Puja.

It has been an enjoyable experience to publish this year's Agomoni. I would like to thank some people. Thank you to the advertisers for their financial generosity which allowed the publication of Agomoni 2011 to be economically feasible. Thank you to the members of Bichitra and the people outside of Bichitra for their temporal generosity which made the publication of Agomoni 2011 a culturally and communally valid collection of artwork and literature. Also a special thank you to the readers of this publication.

Happy Durga Puja!

Neillo Roy.

Publication Secretary—Bichitra

কিছু হাসি কিছু ঠাট্টা

চিত্ত ঘোষ

কল্পিত, জল্পিত, চলার পথে কুড়িয়ে পাওয়া, নেওয়া ও সংগ্রহ করা কিছু হাসি, কিছু ঠাট্টা, কিছু মস্করা স্মৃতি থেকে মুছে যাবার আগে কিছু লিখে দিলাম এখানে, যদি হাসি পায় হাসি সেটা আমার পরিশ্রমের পারিশ্রমিক মনে করব।

গজুদার একটা গল্প দিয়ে শুরু করছি। গজুদা মাঝে মাঝে নিপাত্তা হয়ে যান তারপর দুম করে হঠাৎ এসে হাজির হন আসরে। এইরকম হঠাৎ একদিন আড্ডার আসরথানায় এসে দেখেন আসর খালি। বাইরে কেষ্টকে দেখে জিজ্ঞাসা করলেন, হাঁরে কেষ্টা সব গেল কোথায়? কেষ্ট বলল সব 'গন উইথ্‌ দি উইনড্‌'। গজুদা বললেন আরে সেকি ও মুভি ত ধারে কাছে কোথাও হচ্ছেনা, এমনকি শহরের কোথাও হচ্ছে বলে শুনি নি তা। কেষ্ট বলল না না মুভি নয়, এটা ভবুলের কীর্তি। বেশ চা তেলেভাজা চলছিল হঠাৎ ব্যাটা এমন উইনড্‌ ছাড়ল যে সবাই একেবারে হাওয়া। গজুদা বললেন সবাইকে ডাক বলতে না বলতেই কেষ্ট বাইরে যেয়ে হাঁক পাড়ল এই সবাই ভেতরে আয় গজুদা এসেছেন। বলতে না বলতে পশু, ঘনু, ভবুলে, ভাঁড়ে মানে ভবানী আর গবা (গোবিন্দ) আর নতুন কিছু মুখের আবির্ভাব যেমন মশু, ঘনু, হোঁকা, কোঁকা, বড়কা, ছোটকা আর বাণ্ডি ও বাবলি। সবাই ভিতরে ঢুকেই বলল রাস্তায় দাঁড়িয়ে দোকানের টিভিতে কমন ওয়েলথ্‌ গেমস্‌ এর কেলেকারী ঘটনা শুনছিলাম। গজুদা বললেন অনেক শুনেছিস, এখন চা নিয়ে আয় গলা শুকিয়ে গেছে। চা খেয়ে গজুদা বললেন এদিক দিয়ে যাচ্ছিলাম ভাবলাম তোদের একটু দেখা দিয়ে যাই। তোরা টিভি দেখ পরে আর একদিন আসব, মুড়ি তেলেভাজা নিয়ে জমিয়ে বসা যাবে।

প্রশ্ন ও উত্তর

মাস্টারমশাই ক্লাসে জিজ্ঞাসা করলেন চরণামৃত মানে কি? ছাত্র উত্তর দিল শিব স্যার এবং মাস্টারমশাই কিছু বলার আগেই বিধু বলল চরণামৃত সন্ধিবিক্ষেদ করলে হয় চরণে মৃত। কালীপূজার সময় দেখেছি মাকালীর চরণে মৃতের মত পড়ে আছেন শিব। মাস্টারমশাই একটু চুপ করে থেকে বললেন বিধু দেবতার নাম নিয়ে ঠাট্টা করা ঠিক না। কানধরে একঘণ্টা দাঁড়িয়ে থাক।

মাস্টারমশায়	-	অদ্ভুত মানে কি?		
ছাত্র	-	আধাভূত স্যার।		
মাস্টারমশায়	-	কেমন করে এটা তোমার মাথায় এলো।		
ছাত্র	-	অদ্ভুত	আদ্ভুত	আধাভূত
		(বাঙলা উচ্চারণ)	(হিন্দি উচ্চারণ)	(সমীকরণ)
মাস্টারমশায়	-	অত্যাচারী কাহাদের বলে?		
ছাত্র	-	যাঁহারা অতি আচার মানিয়া চলেন।		
মাস্টারমশাই	-	কোন অভিধান থেকে এই উত্তর পেয়েছ?		
ছাত্র	-	স্যার অভিধান থেকে নয়, অত্যাচার কথাটার সন্ধিবিক্ষেদ (অতি আচার) করে।		
মাস্টারমশায়	-	সুনামি কাকে বলে।।		
ছাত্র (ঘস্ট শ্রেণীর)	-	সুনামের স্বীলিঙ্গ স্যার।		

ভাগ্নে - আচ্ছা মামা কাকাতুয়া যদি হয় cacatoo পাতুয়া হবে না কেন panatoo?
তন্তু মানে যদি হয় সুতো জন্তু মানে হবে না কেন জুতো?

বাবা - কাল কতক্ষণ পর্যন্ত পড়াশুনো করেছিলে?
ছেলে - আমি রাত বরোটা পর্যন্ত পড়েছি।
বাবা - তা কখন পড়তে বসেছিলে?
ছেলে - বরোটা বাজতে পনের মিনিট আগে।

বরিশাল ও কলকাতার দুই বন্ধু হাওড়া ব্রিজের উপর দিয়ে ট্রামে চড়ে যাচ্ছে--
বরিশালের বন্ধু - হ্যারি নাম বুঝি শ্যাওড়ার ব্রিজ?
কলকাতার বন্ধু - শ্যাওড়া নয় হাওড়া।
বরিশালের বন্ধু - তুমি যে হক্কল সময় কও বরিশালের লোক শ রে হ কয়।

সেম্পাস

কোলকাতায় লোকগণনা হচ্ছে, গণনাকারী কড়া নাড়তেই এক যুবক দরজা খুলে দিল।
গণনাকারী নামধাম এবং অন্যান্য প্রশ্ন করার পর জিজ্ঞেস করলেন - মাতৃভাষা কি?
যুবক - স্যার শিশুকাল থেকে আমার বাড়ীতে মানুষ তাই ঠিক বলতে পারবনা।

বাঙলা ভাষার বৈচিত্র্য।

চট্টগাঁয়ের (চট্টগ্রাম) এক ভদ্রলোক কোলকাতার এক রেস্টুরেন্টে অর্ডার দিচ্ছেন - হ্যাক্ খাফ ছা,
হ্যাক্ খান ঠুস্,
হ্যাক্ টা ফুস্।

ওয়েটার একটু ভাবাচাকা খেয়ে এদিক ওদিক তাকাচ্ছে দেখে পাশের টেবিলের এক ভদ্রলোক অর্ডারটা কি তা বলে দিলেন। ***

সবজাস্তা।

পাড়ার আড্ডাখানায় সেদিন এক নতুন ভদ্রলোক এসেছেন এবং আসর বেশ জমে উঠেছে। আলোচনার বিষয় ছিল বিভিন্ন দেশের শহর কে কত জানে। যখনই কোন শহরের নাম উল্লেখ হচ্ছে কেউ কিছু বলার আগেই নতুন ভদ্রলোক গড়গড় করে সেই শহরের সমস্ত হিস্ট্রি বলে দিতে লাগলেন। আর থাকতে না পেরে বিধু বলে উঠল দাদা আপনার ত দেখছি ভূগোলে বেশ জ্ঞান আছে। ভদ্রলোক সাথে সাথে বলে উঠলেন হ্যাঁ হ্যাঁ আমি ভূগোলেও গেছি।

তরমুজবিক্রেতা।

গ্রামের হাটে বাজার বসেছে আর চাষীরা তাদের সামগ্রী সাজিয়ে বসেছে। কোলকাতার এক বাবু আত্মীয়ের কাছে বেড়াতে এসে হাটে কেমন বাজার বসে দেখতে গেছেন। এক চাষী অনেক তরমুজ সাজিয়ে বসেছে দেখে তরমুজ কেনার সখ হয়েছে।

ভদ্রলোক - এই চাষী তরমুজের দাম কত?

চাষী - ২ টাকা থেকে ৫ টাকা বাবু।

বাবু - তোকে আমি ৬ টাকা দেব সবথেকে বড়টা দিবি কিন্তু।

চাষী - এই নিন বাবু সবথেকে বড়টা আপনাকে দিলাম।

বাবু - ব্যাটা আমাকে বোকা পেয়েছ, কৌচড়ের ভেতর বড়টা লুকিয়ে রেখে ধোকা দিচ্ছ? বলেই ঝাঁপ দিয়ে চাষীর কৌচড় দুহাত দিয়ে আঁকড়ে ধরতেই চাষী যন্ত্রণায় চৈচিয়ে উঠে বলল বাবু মরে গোলাম, মরে গোলাম, উটি দেবার নয়, উটি দেবার নয়
দেবার নয়

রান্না।

প্রফেসর খাতা দেখছেন স্ত্রী এসে জিজ্ঞেস করছেন

স্ত্রী - হ্যাঁ গো আজ কি ডাল রান্না হবে?

প্রফেসর - ভাজা মুগের ডাল।

স্ত্রী - তা ডালে কি ফোড়ন দেব?

প্রফেসর - খাতা দেখতে ব্যস্ত বিরক্ত করো না।

কিছু সময় বাদে স্ত্রী - হ্যাঁ গো বলনা কি ফোড়ন দেব?

প্রফেসর - বললাম না বিরক্ত করো না, খাতা দেখতে ব্যস্ত।

আরো কিছু সময় বাদে স্ত্রী - সব রান্না হয়ে গেছে ফোড়ন কি দেব না বললে ডাল রান্না করতে পারছি না।

বিরক্ত হয়ে প্রফেসর - যা হয় আদা ফাদা ফোড়ন দাও।

মহিলা কানে একটু কম শোনে, ফ কে শুনেলেন পা। আর প্রশ্ন না করে গেলেন রান্না করতে। অন্য সব ফোড়নের সাথে আদা দিলেন আর স্বামীর কথামত ফাদা কথাটি কানে যেমন শুনেছিলেন তাই ফোড়ন দিলেন। যাই হোক রান্না ত হয়ে গেল, এবার খাবার সাজিয়ে ডাক দিলেন-
হ্যাঁ গো রান্না হয়ে গেছে খেতে এস। এটা ওটা খাওয়ার পর ডাল দিয়ে ভাত মেখে মুখে দিয়েই প্রফেসর মুখ নাক কুঁচকে বললেন, ইস্ কি গন্ধ, এতে কি ফোড়ন দিয়েছ?

স্ত্রী - তুমি বললে আদা পাদা ফোড়ন দিতে। আদা ফোড়ন ত দিলাম কিন্তু পরের ফোড়ন কি ভাবে দেব বুঝতে পারছিলাম না। ভেবে চিন্তে দাঁড়িয়ে দিতে যেয়ে আরো কিছু পড়ে গেল ডালের মধ্যে। প্রফেসরের আর খাওয়া হলনা।

জলসা

গ্রামের জমিদার বাড়ীতে বিরাট জলসা বসেছে। কোলকাতা থেকে নামকরা সব গাইয়ে আর লখনৌ থেকে বাইজী এসেছে। আসর বেশ জমে উঠেছে, বাইজী নাচতে নাচতে ওস্তাদজীর সামনে গিয়ে বলছে 'ওস্তাদজী বড় পিসাব লাগি হুঁ'। ওস্তাদজী সেতারে সুর দিয়ে বললেন 'মায় কেয়া

করু, মায় কেয়া করু, তবল্টি কা পাস যাও'। বাইজী নাচতে নাচতে তবল্টির সামনে গিয়ে বলল 'তবল্টি জী বড়ি পিসাব লাগি হুঁ' তবল্টি তবলার বোলে বলল 'দাবকে দুবকে রহ, বেটি দাবকে দুবকে রহ'। বাইজী আর সামলাতে পারছে না খঞ্জনী ওয়ালার সামনে নাচতে নাচতে গানের সুরে বলল 'খঞ্জনী জী বড়ি পিসাব লাগি হুঁ'। খঞ্জনী ওয়ালা খঞ্জনী বাজিয়ে বলল 'নাচো আর ছিটাও, ছিনিক্ ছিনিক্ ছিটাও, নাচো আর ছিটাও, ছিনিক্ ছিনিক্ ছিটাও'।

কাঠুরিয়া চাই

এক পেপার মিল কোম্পানী গাছ কাটবার জন্যে অভিজ্ঞ লোকের দরকার বলে কাগজে এ্যাডভার্টাইজ দিয়েছে। অনেক দরখাস্তের থেকে কয়েকটি বেছে নিয়ে ম্যানেজার ইন্টারভিউ ডেকেছেন। অফিসের জানালা দিয়ে দেখা যাচ্ছে গাছের সারি।

ম্যানেজার একটা গাছ দেখিয়ে এক আবেদনকারীকে জিজ্ঞাসা করলেন - ওই যে গাছটা দেখা যাচ্ছে তার পিছন দিক কোনটা?

আবেদনকারী গাছের একটা দিক দেখিয়ে বলল স্যার ওই দিকটা।

ম্যানেজার আরও কয়েকজনকে আলাদা ডেকে একই প্রশ্ন করলেন এবং সবাই একই গাছের এক একটা দিক দেখাল।

আর একজন লোক মাত্র বাকী আছে, তার বাড়ী পাড়াগাঁয়ে।

ম্যানেজার - ওই যে গাছটা দেখা যাচ্ছে তার পিছন দিক কোনটা?

আবেদনকারী - হেঁটে যেয়ে গাছের চারধার ঘুরে একটা দিক দেখিয়ে বলল স্যার এই দিকটা।

ম্যানেজার - কেমন করে বুঝলে?

আবেদনকারী - সোজা স্যার, গাছের ওই দিকটাতেই সবাই প্রাতঃকৃত্য করেছে।

বলা বাহুল্য চাকরীটা সেই পেল।

আই এক্সামিনেশন।

চোখের ডাক্তারের কাছে একজন ভদ্রলোক চোখ দেখাতে এসেছেন। চোখে আলো দিয়ে দেখার পর চশমা পরিয়ে বোর্ডের অক্ষর পড়তে বললেন। প্রথম অক্ষরটা ছিল 'ঘ'। যেই ভদ্রলোক বলেছে 'ঘা', ডাক্তার বললেন ঘা হয়েছে তা চোখের ডাক্তারের কাছে এসেছেন কেন হোমিওপ্যাথ বা অ্যালোপ্যাথ ডাক্তারের কাছে যান।

ইন্টারভিউ ।

এক ভদ্রলোক একটি বড় কোম্পানীতে চাকরীর জন্যে দরখাস্ত করেছেন। অনেকগুলির মধ্যে একটা দরখাস্ত ম্যানেজারের নজরে পড়ল

আবেদনকারীর 'ffc' ডিগ্রীটি দেখে ম্যানেজার অনেকরকম ডিগ্রীর নাম শুনেছেন কিন্তু 'ffc' ডিগ্রীর নাম কোনদিন শোনেনি। তাই কৌতুহল হওয়াতে ঐ আবেদনকারীকে ইন্টারভিউতে ডাকলেন। একথা ওকথা জিজ্ঞেস করার পর বললেন আমি অনেক রকম ডিগ্রীর নাম শুনেছি কিন্তু আপনারটি কোনদিন শুনিনি। আপনার ডিগ্রীর পুরো কথাটা কি? ভদ্রলোক বললেন স্যার 'father of fourteen children'. বুঝতেই পারছেন স্যার চাকরীটা না হলে চোদ্দটি ছেলেমেয়ে নিয়ে পথে বসতে হবে।

সবুরে মেওয়া ফলে ।

বড়লোকের ঘরজামাই হলে অনেক দুর্গতি কপালে। প্রয়োজনের সব কিছু শৃঙ্গুর মশায়ের দয়ার উপর। বিয়ের পর শৃঙ্গুর মশায় জামাইকে আর নতুন কোন কাপড় কিনে দেননি। একই ধুতি দিনের পর দিন পরতে পরতে জীর্ণ হয়ে গেছে, জামাই মাঝে মাঝেই শৃঙ্গুর মশাইকে যেয়ে বলছে ধুতিটা ছিড়ে যাচ্ছে একটা নতুন ধুতি চাই। শৃঙ্গুর মশাই প্রতিবার একই কথা বলছেন, 'আরে হবে হবে সবুর কর, সবুর কর, সবুরে মেওয়া ফলে'। ধুতিটা একেবারে ছিড়ে গেছে, জামাই আর না পেরে একদিন শৃঙ্গুরকে যেয়ে বলল শৃঙ্গুর মশায়, শৃঙ্গুর মশায় দেখুন মেওয়া ফলেছে এবার, ধুতিটা না হলে আর ত লজ্জা নিবারণ হয় না।

অতিথি আপ্যায়ন ।

বিয়েবাড়ী, নিমন্ত্রিত অতিথি সব এসে গেছেন খাওয়ার ব্যবস্থা হচ্ছে, কেস্টা যেয়ে বরকর্তাকে বলল অতিথির সংখ্যা অনেক বেশী হয়ে গেছে খাবারে কম পড়বে মনে হচ্ছে। বরকর্তা যেয়ে দেখলেন সত্যিই অতিথি অনেক বেশী, তখন পরিবেশনকারীদের বললেন ঠিক আছে শুরু কর আমি দেখছি। পরিবেশন শুরু হয়ে গেল, বরকর্তা আসরে দাঁড়িয়ে হাঁক পাড়লেন এই বাসি, পোলাও নিয়ে আয়; এলানে, ডাল নিয়ে আয়; গন্ধ, তরকারী নিয়ে আয়; পচা, মাছ নিয়ে আয়। অতিথিরা খাবেন কি, সবাই এর ওর দিকে তাকাচ্ছেন এবং একে একে উঠে বেরিয়ে গেলেন।

ডাক্তারী ।

রুগী ডাক্তারকে ফোন কোরছে - ডাক্তারবাবু আমার পায়খানার সাথে রক্ত পড়ছে।

ডাক্তার - এ্যাঃ! রক্ত পড়ছে, আইওডিন লাগান, আইওডিন লাগান।

গুরু ।

বেশ কিছুদিন ধরে কোলকাতায় গেরুয়াখারী গুরুদেবের সংখ্যা বেড়েছে। হক কিছুদিন ধরে শুনেছে তার বন্ধু আনন্দ চাকরী ছেড়ে দিয়ে গেরুয়া

পরে গুরুদেব সেজে বসেছে এবং ভক্তের সংখ্যা বেড়েই চলেছে। কৌতুহল হওয়াতে হরু বাগবাজারে আনন্দের বাড়ী যেয়ে দেখে বসবার ঘর ত লোকে ভরে গেছেই এবং বাইরেও লম্বা লাইন। হরু সোজা বসবার ঘরে ঢুকে দেখে আনন্দ কপালে তিলক কেটে গেরুয়া পরে চেয়ারে বসে আছে। ভক্তরা এক এক করে যাচ্ছে, টাকা দিচ্ছে, কেউ কেউ ফল ও ফুল দিচ্ছে এবং প্রণাম করছে। হরুকে দেখে আনন্দ ইসারা করে বসতে বলল। হঠাৎ এক মহিলা কাদতে কাদতে ঢুকে বলল গুরুদেব আগের দিন আমার ছেলের অসুখের জন্যে ওষুধ দিয়ে বললেন বাড়ী গিয়ে ছেলেকে খাইয়ে দিলে ভাল হয়ে যাবে। কিন্তু গুরুদেব ছেলে বাঁচল না।

আনন্দ সাথে সাথে বলে উঠল ওরে বেঁচে গেছিস, খুব বেঁচে গেছিস, সন্ধ্যাই না মরে খালি একজনের উপর দিয়ে গেছে। ভগবানের অসীম করুণা।

নিওন সাইনবোর্ড ।

নিওন সাইনবোর্ড রাতের বেলা দেখতে বেশ সুন্দর লাগে। একদিন রাতে কোলকাতার চৌরঙ্গী দিয়ে কেঁট যাচ্ছে সঙ্গে আছে ফটকে। দুটি সাইনবোর্ডের কিছু আলো জ্বলছে না, চলতে চলতে হঠাৎ দাঁড়িয়ে পড়ে একজন পড়ছে ‘কেঁট পাঞ্জী’ ‘বদমাস’। কথাটা শুনে কেঁট রেগে ঘাড় ফিরিয়ে দেখতে গেল কে কথাটা বলল এবং ছোটখাট চেহারার কেউ হলে দু এক ঘা দিয়েই দিত হয়ত। কিন্তু সাইনবোর্ডে নজর পড়তেই চুপ হয়ে গেল।

আসলে একটি সাইনবোর্ডে লেখা ছিল KEYSTONE PAGING SERVICE অন্যটিতে লেখা ছিল TOTAL BODY MASSAGE. সব আলো না জ্বলার জন্যে সাইন দুটো এই রকম দেখছিল - KE STO PAGI . BOD MAS .

ইউরিন্যাল এ কথোপ-কথন ।

কোলকাতার মাঠে ফুটবল খেলা হচ্ছে এবং গোলশূন্য অবস্থায় হাফটাইম হয়েছে। উন্মুক্ত ইউরিন্যাল এ লাইন পড়ে গেছে। যেমন যেমন খালি হচ্ছে অন্য লোকে ঢুকছে।

হঠাৎ এক ভদ্রলোক তার বাঁ পাশের ভদ্রলোকের কাঁধে টোকা মেরে বললেন - স্যার আমার জুতোর উপর পড়ছে।

বাঁ পাশের ভদ্রলোক - আই এম সরি।

একটু পরে আগের ভদ্রলোক - স্যার আমার জুতোর উপর আবার পড়ছে।

বাঁ পাশের ভদ্রলোক - আই এম ভেরি সরি।

যাইহোক এরপর দুজনে নিজেদের জায়গাতে ফিরে যাচ্ছে আস্তে আস্তে।

প্রথম ভদ্রলোক জিজ্ঞেস করলেন - স্যার আপনার র‍্যাবাই কি জেকব?

বাঁ পাশের ভদ্রলোক - হ্যাঁ, কেন বলুন ত ?

প্রথম ভদ্রলোক - আমার সারকামসিশন্ও করেছিলেন একই র‍্যাবাই।

শব্দার্থ ।

ইংরেজি শব্দ - Gout (গাউট) মানে বাত।

ফরাসী শব্দ - Gout (গু) মানে স্বাদ

বাংলা শব্দ - উচ্চারণ ফরাসী শব্দের মত।

নৈশভোজের গল্প

বিদেশে এক বাঙালী বাড়ীতে সপ্তাহান্তে বন্ধুরা এসেছে এবং গল্পগুজব হবার পর খাওয়ার পালা প্রায় শেষ সকলে উঠতে যাচ্ছে, বাড়ীর অধিকারিণী বললেন ‘পাইখানা খাইতে হইব এখন’। সকলে অবাক হয়ে এর ওর দিকে তাকাচ্ছে দেখে ভদ্রমহিলা বললেন এর ওর দিকে তাকাইতেছেন ক্যান, বললাম না ‘পাইখানা’ খাইয়া খাইতে হইব। বসেন আমি এখনি আনতেছি বলে ভিতরে চলে গেলেন। একটু পরে একটি ট্রের উপর একটি পাম্পকিন পাই সাজিয়ে নিয়ে এলেন।

আরেক সপ্তাহান্তে সবাই আবার জড়ো হয়েছে এবং যথারীতি গল্প চলছে। একজন গৃহকত্রীকে জিজ্ঞেস করলেন শুনলাম নতুন গাড়ী কিনেছেন, তা কি গাড়ী কিনলেন? গৃহকত্রী উত্তর দিলেন ‘বলব’। কিছুক্ষণ বাদে ঐ ভদ্রলোক আবার জিজ্ঞেস করলেন ‘কি গাড়ী কিনলেন?’ গৃহকত্রী ‘বলব’। ভদ্রলোক যতবার জিজ্ঞেস করেন এই উত্তর পান। আর থাকতে না পেরে বললেন, তখন থেকে বলছেন বলব কিন্তু নামটা বলছেন না। গৃহকত্রী, বললেন ত ‘বলব’, একই কথা বারবার জিজ্ঞেসইতেছেন ক্যান?

(গাড়ীটি ছিল VOLVO)

অন্ধকার রাতের একটি ঘটনা।

নিউফাউন্ডল্যান্ডের লাব্রাডর শহরের তেকে কয়েক মাইল দূরে একটা কনস্ট্রাকশন ক্যাম্পে রাতের খাওয়া দাওয়ার পর গল্প হচ্ছে কিচেন এ

বসে। কিচেন পরিষ্কার হবার পর হেড কুক (জ্যামেইকার লোক) সম্পূর্ণ উলঙ্গ হয়ে গারবেজ ফেলতে যাচ্ছে। জিজ্ঞেস করলাম তুমি যাচ্ছ কেন, জানিটির কোথায়? বলল এখন গরমকাল, ভাল্লুক ঘুরছে আশেপাশে খাবারের খোঁজে। লোক দেখলে আক্রমণ করতে পারে। বললাম তা তোমাকেও ত আক্রমণ করতে পারে। বলল সেই জন্যেই ত জামা কাপড় খুলে বেরোচ্ছি, অন্ধকারে ভাল্লুক আমাকে দেখতেই পাবে না।

মশ্টিঅলের বাস ড্রাইভার।

ক্যানাডার মশ্টিঅল শহরে সন্ধ্যাবেলা বাসে যাচ্ছি, যখনই কেউ উঠছে বাস ড্রাইভার বলছে ‘বঁ সোয়ার’ এবং নামবার সময় বলছে ‘বন্ নুই’। হঠাৎ পাশের ভদ্রলোক বলে উঠলেন দ্যাখছেন দাদা বাস ড্রাইভারটা লোকে যেই উঠত্যাছে, কইত্যাছে বুনো শ্যার, নামবার সময় কইত্যাছে বন্ নাই। এই দ্যাশের ড্রাইভাররা এত অসভ্য কথা কয় ক্যান্ বুছতে পারতেছি না। লোকেরা সব শুইনাও প্রোটেষ্ট করত্যাছে না ক্যান? বললাম না না ড্রাইভার ওর ভাষায় ওঠার সময় যা বলছে তার মানে শুভ সন্ধ্যা এবং নামবার সময় বলছে শুভরাত্রি। ও দাদা ভাগ্য আপনি কইলেন নইলে আমি ত ভাবতেছিলাম নামবার সময় অরে দুই কথা শুনাইয়া দিমু।

*** এক কাপ চা, এক খানা টোস্ট, একটা পোচ।



By: Shruti Mukerji

DIDAR

Grocery Mart

110 Adamar Road, Suite 1, Winnipeg, MB R3T 3M3

Ph: (204) 275-6060

Come and check out for Fresh Products from India

• Fruits • Vegetables • Lentils • Spices and More...



Latest Hindi Movies on DVD's available



Hours of Operation

Monday to Saturday - 9:00 am to 8:00 pm

Sunday - 10:00 am to 5:00 pm

মানিনী

বিভূতি মন্ডল

তুলছো না ফোন কইছো না কথা
কি হোল হোল কি বলতো!
এতো ডাকাডাকি করছি
প্লিজ একটু প্লিজ টলতো।
তুমিতো মানুষ দেবী কি দানবী
লোহা কি পাথর নহেতো
এত দিন হল এত সাধাসাধি
একটুকু সফট হবেতো!
অনেক হয়েছে বুঝেছি অনেক
গেল দিন বহু বয়েতো
গোমড়া ও মুখ রেখো নাকো আর
সুসি খাবে কবে বলতো?
অনেক করেছে আমার জন্যে
জানি আমি কিছু করি নাই
বোকাহাদা আমি বুঝি নাকো কিছু
ভেরি ভেরি ভেরি সরি তাই।
তুমি কত ভাল তুলনাবিহীন
কত বড় তব মনটাও
অপরের তরে 'খোলামকুচির'
মতনই সময় দিয়ে দাও।
কোন কিছু কেন সহজে ভোল না
এবার প্লিজ ভুলে যাও
মন খুশী করে বাফেস্কোয়ারে
যত চাও শুধু সুসি খাও।



By: Ayusha Pandey



By: Arnab Mandal



Happy Durga Puja



a taste of india

Authentic East Indian Cuisine

9-510 Sargent Ave, Winnipeg, MB R3B 1V8

Take Out / Delivery
Catering for special occasions

Nimmi & Baldev Ramgotra

Ph: (204) 775-1098 | Fax: (204) 772-1104

Another Location:



Samosa Hut

Unit 102 E - 333 St. Mary's Rd.





Choice Travel & Tour

Your One Stop
CHOICE
For all your Travel Needs

Immigration Services Available

Bus: (204) 694-7587

Fax: (204) 694-7862 | Email: choicet@mymts.net

72 Mandalay Drive, Winnipeg, Manitoba, Canada R2P 1V8

মানসিক শান্তির পথ

মাখন বল

প্রতিটি মানুষের দুঃখ আছে । এই দুঃখ দুই প্রকার । মানসিক ও জাগতিক ।
জাগতিক দুঃখ :- দাড়িদ্ৰ, অসুস্থতা, শোক ও বঞ্চিত হওয়া, আরও হয়ত আমার না জানা কিছু থাকিতে পারে । জাগতিক দুঃখ সকলের নাও থাকিতে পারে । তবে মানসিক দুঃখ সকলেরই কম বেশী কিছুটা আছে এবং ইহা নিজেরই সৃষ্ট । এই মানসিক দুঃখের যন্ত্রণা চলিতে থাকে, ইহা প্রকাশ করা যায় না, নিজের ব্যক্তিগত । নিজের সৃষ্ট এই দুঃখের হাত হইতে সহজে রেহাই পাওয়া যায় না । এই দুঃখের কারণ নিজেরাই ধরিতে পারে না । এই মানসিক রোগীদের লক্ষণ কি ? এই রোগের গভীরতা অনুযায়ী দেখা যায় রোগী সহজেই রাগিয়া যায়, কখনও প্রচণ্ড ক্রোধ প্রকাশ করে । দেখিলে মনে হয় সে বিরক্ত, সহজেই কোন কিছুর ক্ষুত ধরা, কাহাকেও সহ্য হয় না ।

ইহার কারণ খুঁজিতে গিয়া দেখা যায় যে, কোন কিছু না পাওয়ার দুঃখ । যে জিনিষ নিজের আয়ত্বের বাইরে তাহা পাইবার ইচ্ছা । ইংরাজীতে যাহাকে বলে Desire । শিশুর যেমন চাঁদ পাইবার ইচ্ছা । শিশুর ঐ চাঁদ পাইবার ইচ্ছা ধীরে ধীরে বড় হইলে শাখা প্রশাখা বিস্তার করিয়া বিশাল মহিরুহতে পরিণত হয় । যাহা নাই তাহা চাই । রবীন্দ্র নাথের সোনার হরিণ কবিতাটির কথা মনে করাইয়া দেয় । এই Desire বা আকাঙ্ক্ষা কিন্তু সহজে যায় না । একটি আকাঙ্ক্ষা পূর্ণ হইলে পরবর্তী আনুসঙ্গিক আকাঙ্ক্ষা দ্বিগুণ শক্তিতে তাহার মনে প্রবেশ করে । হিন্দু দর্শন এই আকাঙ্ক্ষাকে আগুণের সহিত তুলনা করিয়াছে । ইহা মনের আগুণ । আগুণ যেমন ঘী দিয়া নেভানো যায় না, সেই রকম আকাঙ্ক্ষা পূর্ণ করিয়া এই আকাঙ্ক্ষার শেষ হয় না । একটি পূর্ণ হওয়া মাত্র আর একটি আসিয়া তৎক্ষণাৎ উপস্থিত হয় । ইহা একটি জটিল সমস্যা । মানুষের মনের গোপনে আরও কত রকমের আকাঙ্ক্ষা লুকাইয়া আছে সে নিজেই তাহা জানে না । সময়ে সেই সকল আকাঙ্ক্ষা প্রকাশ পায় । আর মানুষ মনের দুঃখে কষ্ট পায় এবং অসুখী থাকে ।

হিন্দু দর্শন মতে, মনকে আকাঙ্ক্ষা মুক্ত রাখিতে হইবে । সুখ ও দুঃখে মনের ভাব সমান রাখার চেষ্টা করিতে হইবে । কি করিয়া ইহা সম্ভব ? মনের চিন্তা ধারার পরিবর্তন করিয়া । সাধারণতঃ মন সহজ লভ্য বিষয় লইয়া চিন্তা করিয়া থাকে । যাহা

সহজে পাওয়া না যায় এমন কঠিন বিষয়ের চিন্তা করিতে হইবে । এই কঠিন বিষয়টি কি ? এই কঠিন বিষয় - ঈশ্বর । ঈশ্বর চিন্তা করিবার জন্য মনের উপর জুলুম করিতে হইবে । মনের উপর জুলুম করিয়া মনের স্থিরতা আনিতে হইবে । যাহা আছে তাহাতেই সুখী থাকিতে হইবে । লোভ ত্যাগ করিতে হইবে । লোভ হইতেই অন্য রিপুদের আগমন শুরু হয় । আকাঙ্ক্ষার বিষয় পরিবর্তন করিতে হইবে । আমরা আমাদের ইষ্ট দেবতাদের কাছে আমাদের স্বচ্ছলতার জন্য, আমাদের সুখের জন্য কত কিছুই চাই । কিন্তু একবারও বলি না যে আমার ইষ্ট দেবতা আমার আর কিছু চাই না শুধু তোমাকে চাই, তুমি আমাকে একবার দেখা দাও । এই ভাবে আকাঙ্ক্ষার পরিবর্তন করিতে পারিলে মনের শান্তি ফিরিয়া আসিবে ।

আমাদের সম্মুখে একটা পর্দা দেওয়া আছে । পর্দাটির অপর দিক হইতে আমাদের দেখা যায় । কিন্তু আমরা নিজেদের দিক হইতে অপর দিকের কিছুই দেখিতে পাই না । আমরা শুধু পর্দাটি দেখি । আর পর্দার ওপাশে স্বয়ং ঈশ্বর বা পরমাত্মা আমাদের উপর চোখ রাখিয়া আমাদের সকল কার্যকলাপ দেখিতেছেন । আমরা যদি ঈশ্বরকে দেখিতে পাই তবেই আমাদের তুচ্ছ বিষয় বস্তুর আকাঙ্ক্ষা দূর হইবে । এই ঈশ্বর দর্শনের আকাঙ্ক্ষা ধরিয়া রাখিতে পারিলে বিষয় বস্তুর আকাঙ্ক্ষা দূর হইবে, মনের শান্তি ফিরিয়া আসিবে । তবে সেটা বড় কঠিন সমস্যা । এই কঠিন সমস্যার সমাধানেরও পথ আছে । আমাদের উপনিষদ গুলিতে এই পথের নির্দেশ আছে । এখন সেই পথের নির্দেশ লইয়া কিছু আলোচনা রাখিব ।

ঈশ্বর পর্দার ওপাশে নিজেকে লুকাইয়া রাখিয়াছেন । তাঁহাকে দেখিতে মনের বিচার বুদ্ধির দ্বারা খুঁজিতে হইবে । ঈশ্বর চিন্তা ছাড়া মনে অপর কোনও থাকিলে একাগ্রতা নষ্ট হইবে । ঈশ্বর আমার ভিতরে যেমন আছেন তেমনি অপরের ভিতরেও আছেন । সকল প্রাণী, গাছ, লতা, গুল্ম, ফুল, ফল, পাহার পর্বত, নদী, সমুদ্র, আলো, বাতাস । কোথায় তিনি নেই + এই চিন্তা জাগরিত রাখিতে হইবে । ঈশ্বর ব্যাভীত আর কিছুই নাই । সকল কিছুতেই ঈশ্বর দর্শন । ইহাই ঈশ্বর দর্শনের একটি পথ । ইহাই জ্ঞান যোগ ।

সমুদ্রের জল অশান্ত, নদীতে থাকে শ্রোত কিন্তু বদ্ধ জলাশয়ের জল থাকে শান্ত । একটি ছোট নুড়ী ছুড়িয়া দিলেও তরঙ্গের সৃষ্টি হয় । মনকে ঐ শান্ত জলাশয়ের মত রাখিতে হইবে । ঈশ্বর চিন্তা ছাড়া অপর কোনও চিন্তা মনকে যেন বিচলিত না করে ।

ধ্যান মগ্ন থাকিয়া একমাত্র ঈশ্বর চিন্তায় মনকে ধরিয়া রাখিতে হইবে । মনের আলোতে হৃদয় মধ্যে ঈশ্বরকে খুঁজিতে হইবে , কোথায় তিনি বসিয়া আছেন । ইহা দ্বারা পর্দা সরিয়া যাইবে, আর ঈশ্বরের আলোর ঝরণা ধারায় চারিদিক ঝলমল করিয়া উঠিবে । ইহা ঈশ্বর দর্শনের আর একটি পথ । ইহা রাজযোগ ।

আমাদের সকল সময় মনে রাখিতে হইবে ঈশ্বর আমাদের দেখিতেছেন । আমাদের কর্ম, আমাদের মনের গতি সব কিছু উপর তাঁর নজর অবিচ্ছিন্ন । আমাদের কাজ কর্মের সময় মন থাকিবে ঈশ্বরে । আমরা যাহা কিছু করি মনে রাখিতে হইবে ইহা ঈশ্বরের জন্য করিতেছি । ভোজন করা বা খাওয়াও একটি কর্ম । হয়ত দেখিয়া থাকিবেন কোন কোনও ব্যক্তি খাইবার সময় কিছুটা খাদ্য বস্তু থালার পাশে ভূমিতে রাখিয়া একটু জলের ছিটা দিয়া থাকেন । ইহা ঈশ্বরকে নিবেদন করা । তারপর নিবিষ্ট মনে আহার করেন। ভোজন করার সময়ও ঈশ্বর চিন্তা । তিনি যেন ঈশ্বরক খাওয়াচ্ছেন । গৃহিণী রান্না করিতেছেন, তিনি মনে করিবেন যেন ঈশ্বরের জন্য রান্না করিতেছেন । আমাদের রামপ্রসাদের কথা - তিনি বেড়া বাধি তেছেন, মন তার মা'কালীতে । মা অপর দিক হইতে বেড়া বাধিবার দড়ি যোগাচ্ছেন । গীতায় বর্ণিত একটি শ্লোকের কথা এখানে একটু বলা দরকার মনে করিতেছি । বৃন্দাবনে শ্রীকৃষ্ণ ভক্ত এক ব্রাহ্মণ একদিন মন্দিরে ভক্তদের ভীষণ ভীড় থাকায় তাদের মধ্যস্থ ভোজনের সামগ্রী বাজার হইতে বাড়ীতে পৌঁছাইতে পারেন নাই । তারপর ভক্ত সমাগম শেষ হইলে শ্রীকৃষ্ণ চিন্তায় মগ্ন ব্রাহ্মণ বাড়ীতে মধ্যস্থ ভোজনের জন্য আসিলেন । স্ত্রী পঞ্চ বাঁজনে আহার পরিবেশন করিলেন । তখন তাহার মনে পড়িল আরে তিনি ত বাজার করেন নাই, এই সামগ্রী স্ত্রী কোথায় পাইলেন । তখন স্ত্রী বলিলেন যে, তুমিই তো পাঠাইলে এক ঝুড়ি সবজী একটি খালি গায়ের কালো ছেলের মাথায় দিয়া । ঐ তো আরও কত সবজী রহিয়াছে । গীতার শ্লোকটি এই=

অনন্যাশ্চিন্ত্যন্তো মাং যে জনাঃ পর্যুপাসতে ।

তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্ ॥ ৯:২২

নিস্বার্থ ভাবে ঈশ্বর চিন্তা করিলে তিনিই সকল সমস্যার সমাধান করেন । শ্রীকৃষ্ণ এখানে ভক্তের দাস, তিনিই বহন করেছেন ভক্তের খাবার। আমাদের কোনও কাজের সময় মনে রাখিতে হইবে এই কাজ ঈশ্বরের জন্য করিতেছি । তিনি দেখিতেছেন ইহা মনে থাকিলে কোনও অসৎ কাজ করিবার ইচ্ছা মনে আসিবে না। সকল কাজই ঈশ্বর পূজা । ঈশ্বর দর্শনের জন্য ইহা আর একটি পথ । ইহা কর্ম যোগ ।

বাস্তব ঘটনা , না কাঁদিলে মা কোলে নেয় না । ঈশ্বর আমাদের কাছে কি চান ? তিনি চান আমাদের ভালো বাসা । কি রকম ভালো বাসা ? যেমন মায়ের সন্তানের প্রতি, সতীর পতির উপর আর বিষয়ীর বিষয়ের উপর টান । এই তিন টানের শক্তির ভালো বাসা । এই তিন টান একত্র করিলে যতখানি হয় , ততখানি ঈশ্বরকে দিতে পারিলে তবে তাঁর দর্শন হয়। শ্রীশ্রী রামকৃষ্ণ ঠাকুর বলেছেন এই কথা। তাঁকে উপলব্ধি করিতে হইবে, ব্যাকুল হইয়া ডাকিতে হইবে । বলিতে হইবে তোমার পর্দা সরাইয়া আমাকে দেখা দাও । নিজেকে সমর্পণ করিতে হইবে ঈশ্বরের চরণে । যেমন ভক্ত প্রহ্লাদ- প্রহ্লাদের মত ভক্তি দেখাতে হইবে । ইহাই ঈশ্বর দর্শনের আর একটি পথ । ইহাই ভক্তি যোগ ।

এই চার রকম পথেই ঈশ্বর দর্শন হয় । ইহার যেকোন একটি পথেও ঈশ্বর দর্শন হয় এবং মনের শান্তি আসে ।



By: Abhishek Chakraborty

শারদীয়া প্রার্থনা

শ্রুতি মুখোপাধ্যায়

শিশির ভেজা ভোরের রোদ আর স্নিগ্ধ বাতাস
আমাদের সকলের মনে জাগায় খুশির আভাস ।

আগমনীর গানের সাথে বাজলো ঢাকের সুর
মাগো মোদের দিনগুলিকে করো আনন্দে মধুর ॥

তোমার চরণ স্পর্শে কাটুক সকল দুঃখ শোক
তোমার উজ্জ্বল ,সজল আলোকে এ ভুবন আলোকিত হোক ।

নীল আকাশে সাদা মেঘের নিত্য আসা যাওয়া
(মাগো) তোমার আশীষে পূর্ণ করো সবার চাওয়া পাওয়া ॥

শারদীয়ার শিশির ভেজা নতুন দিনের ভোরে
খুশী সবাই ,মা এসেছেন জগৎ আলো করে ।

তোমার আগমানে হোক মা আগামীদিনগুলি মঙ্গলময়
তোমার জ্যোতির তেজে যাক মুছে সব রোগ , ব্যাভিচার আর ভয় ॥

Happy Durga Puja



PrintPro
DIGITAL & OFFSET PRINTING

Your Reliable Partner in Printing

3129 Portage Avenue
Winnipeg, MB R3K 0W4

(204) 889-3030

Fax: (204) 889-6941
www.printprodigital.com
email: print@printprodigital.com

*We take pride in
our quality and service*

DESIGNING ► PRINTING ► FINISHING & MORE..

ওগো তোমায়
 ভুলে যেতে চলে
 ভুলে যাওয়া কিগো যায়?
 তব সেই হাসি এ হৃদয় ছুয়ে গেল
 আবার আমার প্রেমের তৃষ্ণা পেল
 হৃদয় কাননে কোকিল কাঁদিয়া যায়।
 মনে এলো মোর কত দিবা কত নিশি
 তুমি ছিলে মোর জীবন ছন্দে মিশি।
 ফুলের হাসিতে জোছনা ধারার মাঝে
 মোদের প্রীতির সুর শুনি আজ বাজে
 তোমার সুবাস বহিছে দখিনা বায়
 ওগো তোমায়
 ভুলে যেতে চলে
 ভুলে যাওয়া কিগো যায়?



By: Shruti Mukerji

পূজা পদ্ধতি

মাখন বল

পূজা আমরা করি আনন্দ ও মনের শান্তির জন্য । পূজা যাহারা করান তারা হলেন যজমান আর যিনি করেন তিনি পূজারী বা পুরোহিত । যজমানের কর্তব্য পূজার পরিবেশ তৈরী করা । পূজার বাসনপত্র পরিষ্কার ঝক্ঝকে রাখা । পূজ্য দেবতার আসন সাজিয়ে রাখা, ধূপ ধুনো দিয়ে পূজার স্থান সু-গন্ধময় করে রাখা । পূজারীর কর্তব্য, নিজে পরিচ্ছন্ন বস্ত্র ধারণ করবেন । মন্ত্রগুলি পরিষ্কার উচ্চারণ করবেন, যাহাতে উপস্থিত সকলে শুনিতে পারেন । আমাদের মন্ত্রগুলি সংস্কৃত ভাষাতে লেখা, দু-তিনটা শব্দ সমাস বন্ধ, তাই মনে হয় উহা বড় কঠিন । মন্ত্র যত স্পষ্ট উচ্চারিত হবে ততই দেবদেবীর আগমন সুনিশ্চিত হবে । শাস্ত্রে আছে - মন্ত্রে মূর্ত সদা দেবী । একই সময়ে একই দেব বা দেবীর পূজা বিভিন্ন স্থানে হয় । হেঁ সকল দেব বা দেবী সকল স্থানে উপস্থিত থাকেন কি করি যা। মন্ত্রই তাঁদের শরীর তৈরী করে । কাজেই মন্ত্র উচ্চারণ ভালভাবে করিতে হবে ।

পূজা আরম্ভের প্রথম দিকটা পূজারীর দেহ শুদ্ধির মন্ত্র । ঐ সকল মন্ত্র দ্বারা পূজারী নিজেকে পরিশুদ্ধ করেন । পূজার মন্ত্রে একস্থানে আছে - “ ঔ দ্বার দেবতাত্য নমঃ ”। এই মন্ত্র কিছু বাড়ীর বা ঘরের দরজা নয়, উহা পূজারীর হৃদয়ের পাঁচটি দরজায় দাড়ান পঞ্চ দ্বার রক্ষক দেবতার উদ্দেশে প্রণাম ।

আসন- ইহা একটি সংবাদ পত্র, বস্ত্র বা কার্পোপের টুকরা বা যাহা কিছু হোক না কেন উহা একটি দ্রব্য মাত্র । যখন উহা মন্ত্রপুতঃ হয় তখনই আসন হয় । পূজা যত ক্ষণ চলিবে ততক্ষণ পুরোহিতকে ঐ আসনে থাকিতে হবে এবং ঐ আসনে অপর কেহ বসিতে পারিবে না ।

আচমন - শুধু জল মুখে ছোঁয়ন নয় । হাত গো-কর্ণের আকার করে, গো-কর্ণের মূল প্রদেশ থেকে জল পান করতে হবে ।

মুদ্রা - দেবতাদের মুদ্রা দেখাতে হয় । বিভিন্ন দেব দেবীর বিভিন্ন রকমের মুদ্রা আছে । উহা অভ্যস করিতে হয়, নতুবা পূজার সময় উহা করা যায় না ।

ঘাট স্থাপন - ঘাট স্থাপন পূজার একটি বিশেষ এবং আসল অংশ । এই ঘাট বিষয় সিস্টার বিবেদিতার বক্তব্য বিশেষ প্রণিধান যোগ্য । ১৮৯৯ সালের ৫ই মে রবিবার কালী ঘাটের মন্দিরের সামনে নাটমন্দিরে বিকাল পাঁচটার সময় নগ্নপদে উপস্থিত হয়ে প্রায় ২-হাজার লোকের সামনে বক্তৃতা দিয়ে ছিলেন । বিষয় ছিল কালী পূজা । পরে কলিকাতার আলবার্ট হলে তখনকার কলিকাতার বিশিষ্ট নাগরীকগণ নিবেদিতাকে

আমন্ত্রণ করেন ঐ বক্তৃতার বিষয় বস্তু নিয়ে আলোচনার জন্য । সভায় কিছু উদ্ভ্র লোকের অভিযোগের উত্তর দিতে তিনি অগ্রসর হন । “ প্রথমতঃ একজন বলেছিলেন যে অনন্ত ঈশ্বরকে মূর্তী রূপে পূজা করা অসম্ভব । তার উত্তরে নিবেদিতা বলেন , হিন্দুরা মূর্তিকে সম্বোধন করে পূজা করে না । ঠিকভাবে বলতে গেলে মূর্তি মনঃসংযোগের অবলম্বন বিশেষ । আসল পূজা সমুখস্থ জলপূর্ণ পাত্রটিকে কেন্দ্র করে সংঘটিত হয় । প্রকৃতি ও জীবনপাত্র ঈশ্বরসদ্বারা পূর্ণ হয়ে আছে, তারই প্রতীক ঐ পাত্রটি ।” এই হল আমাদের পূজার ঘট । ঘট স্থাপন ঠিক মত না হলে সেখান পূজাই হয় না । পূজার পরে ঐ ঘাটের জল দিয়ে শান্তি জল দেওয়ার কারণ এইটাই । এখন পূজা আরম্ভ দেখুন -

আরম্ভ

গুরু প্রণাম এবং দীক্ষা মন্ত্র জপ । গায়ত্রী মন্ত্র জপ ।

আচমন - গো-কর্ণের ন্যায় হস্ত করিয়া অল্প জল লইয়া দর্শন করত পান - ৩-বার । পরে হস্ত ধৌত করিয়া অঙ্গুষ্ঠ দ্বারা ২-বার মুখ মার্জন । তর্জনী, মধ্যমা, অনামিকা দ্বারা মুখ, অঙ্গুষ্ঠ ও তর্জনী দ্বারা নাসিকা , অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা চক্ষু ও কর্ণ দ্বয় এবং অঙ্গুষ্ঠ ও কণিষ্ঠ দ্বারা নাভিদেশ স্পর্শ করিয়া হস্ত ধৌত করিবে । করতল দ্বারা হৃদয় স্পর্শ করিয়া বিষ্ণু স্মরণ করিবে, যথাঃ- ওঁ তদ্বিষ্ণো পরমং পদং সদা পশ্যন্তি সুরয়ঃ । দিবীং চক্ষুরাততম ॥ ওঁ বিষ্ণু , ওঁ বিষ্ণু , ওঁ বিষ্ণু । ২-বার । ওঁ শঙ্খচক্রধরং বিষ্ণু দ্বিজং পীতবাস সম । ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে জগৎ সবিত্রে কর্মদায়ীনে । এসো অর্ঘঃ ওঁ নমঃ শ্রী সূর্য্যায় । কুসিতে জল লইয়া-- ওঁ জবাকুসম সংক্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিং । ধ্বজ্জারিং সর্বপাপঘ্নং প্রণতোহস্মিন দিবাকরং ।

স্বস্তিবাচন :- ওঁ স্বস্তি নঃ ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ , ওঁ স্বস্তি নঃ বিশ্ববেদাঃ , স্বস্তি নস্তাক্ষো অরিস্টনেমিঃ , স্বস্তি নো বৃহস্পতির্দধাতু । ওঁ গণনাশ্চ গণপতিং হবামহে , ওঁ প্রিয়ণাশ্চ প্রিয়পতিং হবামহে , ওঁ নিধীনাশ্চ নিধিপতিং হবামহে বসো মম ।

ওঁ স্বস্তি , ওঁ স্বস্তি , ওঁ স্বস্তি ।

ওঁ কর্তব্যোহস্মিন্ --কর্মনি,পুণ্যহং ভবন্তো-ব্রুবন্তু, ওঁ পুণ্যহং, ওঁ পুণ্যহং, ওঁ পুণ্যহং ।
ওঁ কর্তব্যোহস্মিন্ --কর্মনি,ঋদ্ধিং ভবন্তো-ব্রুবন্তু, ওঁ ঋদ্ব্যতাং, ওঁ ঋদ্ব্যতাং, ওঁ ঋদ্ব্যতাং ।
ওঁ কর্তব্যোহস্মিন্ --- কর্মনি , স্বস্তি ভবন্তো-ব্রুবন্তু , ওঁ স্বস্তি , ওঁ স্বস্তি , ওঁ স্বস্তি ।

(এই মন্ত্র বলার সময় তিনবার করিয়া চাল ছাতে হবে)

সূর্য্যঃ, সোমঃ, যমঃ, সন্ধ্যোভূতানহঃ রূপা । পবনো দিকপতি ভূমিরাকলশং খচরা মরাঃ । ব্রাহ্মণ শাসনমাশ্রায় কল্পধ্বমিহ সন্নিধিম্ ।

ওঁ তৎ সৎ , ওঁ তৎ সৎ , ওঁ তৎ সৎ । অয়মারম্ভ শুভায় ভবতু ।

সঙ্কল্প :- উত্তরমুখ হইয়া দক্ষিণজানু ভূমিতে স্পর্শ করিয়া , তিল , ফুল , জল পূর্ণ তন্ত্র পাত্র বায় করে ধারণ করিয়া, দক্ষিণ হস্তে আচ্ছাদন করিয়া সঙ্কল্প করিতে হইবে । (হরিতকি অথবা কলা লাগিবে) । মন্ত্র - ওঁ বিষ্ণুরোম্ তৎসদ্য ----- মাসি --- পক্ষে --- তিথৌ --- গোত্র নাম বলিবে --- ফল প্রাপ্তিঃ শ্রী বিষ্ণু প্রীতি কামঃ --- কৰ্ম করিষ্যে (পরার্থে করিষ্যামি) । পাত্রের জল কিছুটা ঈশান কোনে ভূমিতে ফেলিবে । (সঙ্কল্প ছাড়া কোন পূজা শুদ্ধ হয় না)

সঙ্কল্প সূত্র :- ওঁ যজ্ঞাগ্রতো দূরযুদেতি দৈবং , তদু সুপ্তস্য তথৈবৈতি । দুরঙ্গমং জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মনঃশিব সঙ্কল্পমস্তু । (পূজা বিশেষে সঙ্কল্প পৃথক)

গন্ধাদির অর্চনা - বৎ এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ, বলিয়া ৩-বার জলের ছিটা দিবে । একটি ফুল লইয়া :

এতে গন্ধ পুষ্পে ওঁ এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ

এতে গন্ধ পুষ্পে ওঁ এতদধিপত্যে বিষ্ণবে নমঃ

এতে গন্ধ পুষ্পে ওঁ এতৎ সম্প্রদানায় (দেবতার নাম) দেবতায়ৈ নমঃ ।

বলিয়া ফুল গুলি স্পর্শ করিবে ।

নারায়নাদির অর্চনা :- ফুলগুলি স্পর্শ করিয়া,

এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ

” ওঁ শ্রী গুরবে নমঃ

” ওঁ আদিত্যাদি নবগ্রহভ্যো নমঃ

” ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ

” ওঁ ইন্দ্রাদি দশ দিকপালেভ্যো নমঃ

” ওঁ সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

” ওঁ সর্বেভ্যো দেবীভ্যো নমঃ ।

আসন শুদ্ধি - আসনের উপর ত্রিকোন মন্ডল করিয়া , সচন্দন পুষ্প গ্রহণ করত - এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং আধার শক্তয়ে কমলাসনায় নমঃ বলিয়া ফুল দিবে । আসন মন্ত্রস্য মেরুপৃষ্ঠ ঋষিঃ সূতলং ছন্দঃ কুর্ম দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ । ওঁ পৃথ্বী হুয়া ধৃতা লোক দেবি হুং বিষ্ণুনা ধৃতা । তঞ্চ ধারয় মাং নিত্য পবিত্র কুরু চাসনম্ ।

ভূতাপসারণ - দিব্য দৃষ্টি দ্বারা অবলোকন করিয়া দিব্য বিঘ্ন উৎসারিত করত “ ফট ” বলিয়া জলদ্বারা বেষ্টন আকাশস্থিত বিঘ্ন, বা পায়ের গোড়ালির দ্বার ভূমিতে

তিনবার আঘাত করিবে । ফট- মন্ত্র ৭-বার জপ করিবে । জপের পরে হাতে জল লইয়া - ওঁ অপসর্পস্তু তে ভূতা যে ভূতা ভূবি সংস্থিতা । যে ভূতা বিঘ্ন কণ্ঠারস্তুে নশ্যন্তু শিবজ্জয়া । চাল ছড়াইবে ।

গুরু পংক্তি নমস্কার

বামে - ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরম গুরুভ্যো নমঃ, ওঁ পরাপর গুরুভ্যো নমঃ ।

দক্ষিণে - ওঁ গণেশায় নমঃ ।

ললাটে - ওঁ মূলমন্ত্র উচ্চারণ পূর্বক শ্রী-- দেবতায়ৈ নমঃ ।

উর্দ্ধে -- ওঁ ব্রহ্মণে নমঃ ।

অধ -- ওঁ অনন্তায় নমঃ ।

মাধ্যে -- ওঁ নারায়ণায় নমঃ । স্থান স্পর্শ করিয় প্রণাম করিবে ।

কর শুদ্ধি

ঐং বং অঙ্গায় ফট- বলিয়া ফুল দুই হস্তে পেশন করিয়া বামে নিঃক্ষেপ করিয়া জলের ছিটা দিবে ।

পুষ্প শুদ্ধি

সকল পুষ্প স্পর্শ করিয়া --ওঁ পুষ্পে পুষ্পে মহা পুষ্পে সু পুষ্পে পুষ্পসম্ভবে । পুষ্প চ্যাব কীর্ণেচ হং ফট স্বাহা ।

দ্বার দেবতার পূজা

এতে গন্ধ পুষ্পে ওঁ দ্বার দেবতাত্যো নমঃ - বলিয়া ফুলটি দ্বারে নিঃক্ষেপ ।

বাস্তু পুরুষের পূজা

এতে গন্ধ পুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ, এতে গন্ধ পুষ্পে ওঁ বাস্তু পুরুষায় নমঃ ।

ভূত শুদ্ধি

রং,- বলিয়া নিজের চারিদিকে জলের দ্বারা বেষ্টিত করিয়া বহি প্রাচীরের মধ্যবর্তী ভাবিয়া নিবিষ্ট মনে দেবতার শরীরের স্থান ভাবিয়া পাঠ করিবে ।

ওঁ মূলশৃঙ্গাটচ্ছিরঃ সুযুগ্মা পথেন জীবশিবং পরম শিব পদে যোযয়ামি স্বাহা ॥ ১

ওঁ যং লিঙ্গ শরীরং শোষয় শোষয় স্বাহা ॥ ২

ওঁ রং সঙ্কোচ শরীরং দহ দহ স্বাহা ॥ ৩

ওঁ পরমশিব সুযুগ্মা পথেন মূলশৃঙ্গাটমুল্লসোল্লস জ্বল জ্বল প্রজ্বল প্রজ্বল সোহং হংসঃ স্বাহা ॥ ৪

(এর পরে ঘট স্থাপন)

With Best Wishes for DURGA PUJA

DILLON'S

DRIVING SCHOOL

For Friendly and Effective Driving Lessons
Get in touch with

Mai Dillon

Instructor Class 4 & 5

623 David Street

Winnipeg, MB, R2Y 1K6

Email : malldillon623@hotmail.com

Email : maidillon@yahoo.co.uk

Email : malkit623@yahoo.ca

Phone : 228 - 0066



HAPPY DURGA PUJA






Durga Puja 2010

সবুজ বাংলা

করবী রায় চৌধুরী (রিমি)

হে আমার মাতৃ ভূমি বাংলা
কতদিন তোমায় দেখতে পাই নি আমি ।
হয়ত তুমি রয়ে গেছ আগের মতন ,
নয়তো বা বদলে গেছ নতুনের মতন ।
আমি কিছু বদলে যাইনি এখনো ।
মনটাকে বদলাতে দেইনি কখনো ।
বাংলাকে আঁকড়ে ধরে রেখেছি সব সময়
সকাল বিকাল করেছি সাধনা তোমায় ।
হে বাংলা তুমি আমায় দিয়েছ অনেক কিছু ,
কিন্তু আমি কি তোমায় দিয়েছি তেমন কিছু ?
সাত সমুদ্র তের নদী পার হয়ে
ঘর বেধেছি বিদেশ বিড়ুঁইয়ে ।
কখনো ভুলতে পারিনি সেই চির চেনা
বৃষ্টির শব্দ, সবুজ ঘেরা চার পাশ
পাখির কলকাকলীর শব্দ ,
তাইতো ভেবেছি সবুজ বাংলাকে
তুলে ধরবো বিশ্বের কাছে
সবাইকে বলব দেখ দেখ আমার

বাংলা দেশ !



New Years 2011



New Years 2011



New Years 2011




Nazrul Jayanti 2011



New Years 2011



Nazrul Jayanti 2011



Nazrul Jayanti 2011




Canada Day Celebration 2011




Canada Day Celebration 2011



Summer Camp: Moose Lake 2011



Summer Camp: Moose Lake 2011



Summer Camp: Moose Lake 2011



Summer Camp: Moose Lake 2011



Folklorama 2011



Folklorama 2011


Rabindra Jayanti 2011



**Scenes from Dance-
Drama:
*Chitrangada***



*Special thanks to our valued customers
for their continued support for the last 24 years.*



Visit us for
all your needs in
East Indian,
West Indian Groceries,
Spices,
Herbal Products,
Cooking Utensils
& more

- Fresh Tropical Vegetables Arrive weekly from Toronto, Vancouver & India
- Wide Selection of Audio, Video, DVD's & Music
- Foreign Tape Conversions also available
- For Quality, Variety, Friendly & Pleasant shopping experience

Visit us at any of our 2 Locations

1875 Pembina Hwy. (204) 261-3636

66 Mandalay Drive (204) 261- 4600

অন্য কোলকাতা অর্পিত সাহা, ব্রামর্টন, অষ্টারিও

পাঁচ বছর পর, ঘুরে এলাম
শহর কোলকাতা থেকে
যেথায় মন ঘুরে বেড়ায়
ধর্মতলা, ডিস্টোরিয়া, বেলঘাটা লেকে,
দেশের মাটি, দেশের ধুলো
সবই মনে মধুর লাগে
ট্র্যাফিক জ্যাম, হর্ণের শব্দ
তা সত্ত্বেও মনে ভালোবাসা জাগে ॥
মায়ের মমতা, মাসীর স্নেহ
নিয়ে এলাম বুক করে
শ্বশুর বাড়ীর যত্ন পেলাম
শুধুই মন ভরে ।

কোলকাতা এখন অনেক আধুনিক
বেশ, ভূষা, “মল কালচার”,
‘সাঁউথ সিটি মল’, প্যার্টালুনস্, বিতাবাজার,
নতুন প্রাণের মেলা ‘মনি স্কোয়ারে’ ॥
কোলকাতায় এখন অনেক আ, টি, সেক্টর
যুবক যুবতীরা অনেক বেশী স্বাধীনচেতা
তবে রাজনীতি সেই একি আছে
মিটিং, মিছিল, আর বন্ধের প্রবণতা ॥
গ্রাম বাংলায় ঘুরে এলাম,
সেখানেও অনেক উন্নতি
কেবল, স্যাটেলাইট, ইন্টারনেট সবই গেছে
বোড়েছে অনেক বেশী শিক্ষার গতি ।
আরো পাঁচটি বছর হয়ত, বুক রাখতে হবে
এই মধুর স্মৃতি ধরে,
কোলকাতা আরো নবীন হবে
এই আশা করে ॥

জোশাল

ভাঁড়
বহস্য



By: Aninda Saha



By: Aninda Saha

GOLDMARK

JEWELLERS

*35% sale on Diamond
Jewellery**


772-4056

Wednesday to Saturday

1355 Pembina Hwy


Mark of Excellence

*on selected items for a limited time only



NEW DELHI *Jewellers*

- ♦ Gold **772-4055**
- ♦ Diamonds
- ♦ Gemstones
- ♦ Platinum
- ♦ Custom Design
- ♦ Jewellery Repair
- ♦ Jewellery Redesign
- ♦ Laser Engraving



Monday to Saturday

14-2136 McPhillips St.

www.newdelhijewellers.com

শক্তি পূজার উৎস সন্ধানে

মাখন বল

ভারতের জনগণ বহু জনগোষ্ঠির সমন্বয় গঠিত । প্রতিটি গোষ্ঠির সংস্কার বা বিশ্বাস এবং আচার ব্যবহার স্বতন্ত্র । বহুদিন এক সঙ্গে বসবাসকরা এবং মেলামেসার ফলে উহাদের ঐ সংস্কারে এবং আচার ব্যবহার মিলে মিষে নিত্য নতুন পরিবর্তন আসিতেছে । কিন্তু ঐ সকল জনগোষ্ঠির কিছু কিছু পুরানো সংস্কার এখনো রহিয়া গিয়াছে । যেমন উত্তর পশ্চিম পাকিস্থানের সীমান্ত অঞ্চলে মেয়েরা এখনো আর্ঘ্য সমাজের সংস্কার তাদের গৃহকর্মের কাজে মানিয়া চলিতেছেন । ইন্দোনেশিয়াতে আদিত্যে সকলেই হিন্দু ছিলেন এখন অধিকাংশই মুসলমান, সেখানে এখনো হিন্দু সংস্কার চলিতেছে । এখনো তাহারা তাহাদের পূর্ব সংস্কার ভুলিতে পারেন নাই । বর্তমান বাংলাদেশেও কিছু মুসলমান পরিবারে বিবাহের সময় হিন্দু সংস্কার মত শাঁখা, সিন্দুর এবং কুলা সাঁজাইবার ব্যবস্থা রহিয়াছে । ইহা তাহাদের পূর্ব সংস্কার ।

আমাদের এই সকল সংস্কার আর্ষেতরো জনগোষ্ঠির নিকট হইতে আসিয়াছে । আর এই সকল সংস্কারের ভিতরে যে দার্শনিক ভাবধারা, তাহা পাইয়াছি আর্ঘ্য মুনি ঋষিদের কাছে । এই সকল সংস্কারের বাহ্যিক রূপ আমরা দেখিতে পাই পূজা পার্বণাদিতে আর ধর্মীয় বিধিনিষেধের মধ্যে ।

ভারতবর্ষ মাতৃতান্ত্রিক দেশ । মায়ের পরিচয়ই সন্তানের পরিচয় ছিল । যেমন কৌশল্যা নন্দন , যশোদা নন্দন, কুন্তি পুত্র ইত্যাদি । সমাজ জীবনের এই মাতৃতান্ত্রিকতাই ধর্মজীবনেও নিয়ামক হইয়া উঠিয়াছিল । এই ভাবেই জনগণের ধর্মে মাতৃপ্রধান্যের প্রতিষ্ঠা এবং এই মাতৃপ্রধান্যের ধর্মকে অবলম্বন করিয়াই শক্তিবাদের উদ্ভব এবং ক্রম বিকাশ ।

ভারতবর্ষের এই শক্তিবাদ বৈদিক কি অবৈদিক এ বিষয় সংশয় ও বিতর্ক রহিয়াছে । শাক্ত তন্ত্রপুরাণ, পূজা পার্বণাদির ভিতরে এই শক্তির মূল উৎস ধরা হয় ঋক্বেদের ১০ম মন্ডলের ১২৫ সূক্তটিকে । ইহা দেবী সূক্ত নামে প্রসীদ্ধ । কিন্তু একদল পণ্ডিত মনে করেন যে এই শক্তিবাদ এবং শক্তি পূজার বহুল প্রসারে আর্ষেতরো ভারতীয় আদিম অধিবাসীগণের দানই প্রধান । দেবী পূজার উল্লেখ প্রাচীন ইতিহাস, পুরাণ, কাব্যে যাহা পাওয়া যায় তাহাতে দেবীর পার্বত্য বন প্রদেশের আর্ষেতরো অধিবাসীগণ কতৃক পূজিত হইবার সমর্থন যথেষ্ট মেলে ।

এখন দেখা যাক এই শক্তিদেবীকে আমরা কোথা হইতে এবং কি ভাবে পাইলাম । সকল ধর্মালম্বীরাই এক ঈশ্বরে বিশ্বাসী । ঈশ্বর পরম ব্রহ্ম বা নারায়ণ, তিনি স্রষ্টা বা প্রজাপতি । তিনি যখন একা রহিয়াছেন এবং ভয় পাইলেন । পরে ভাবিলেন যে আমি যখন একা তখন কি হইতে এবং কাহার হইতে ভয় পাইব । এই ভাবিয়া শান্ত হইলেন । কিন্তু কিছুতেই আনন্দ পাইলেন না । আনন্দ পাইতে গেলে দ্বিতীয় ব্যক্তির উপস্থিতির প্রয়োজন । তাই নিজের দেহ হইতে একটি রমণীর সৃষ্টি করিলেন । এ বিষয় বৃহাদারণ্যক উপনিষদ বলেছেন :

স বৈ নৈব রেমে তস্মাদেকাকী ন রমতে সদ্বিতীয়মৈচ্ছৎ ।

স হৈতাবানাস যথা স্ত্রীপুমাংসৌ স সম্পরিশ্বকৌ ইমমেবাত্মানং --- ইত্যাদি ।

এই ভাবে স্রষ্টা নিজে রমনেচ্ছায় এক নারীকে সৃষ্টি করিলেন । নারায়ণের দেহ হইতে সৃষ্ট তাই তি

ন নারায়ণী বা আদ্যাশক্তি । এই ভাবে স্রষ্টা বা প্রজাপতি অপর দেবগণকে সৃষ্টি করিলেন । সেই সকল দেবগণও নিজেদের দেহ হইতে নিজ নিজ শক্তি সৃষ্টি করিলেন । বিষ্ণুর শক্তি, লক্ষ্মী বা যোগমায়া । এই যোগ মায়া বিষ্ণুরই মায়া । এই মায়াতেই বিষ্ণু অনন্ত শয্যায় শায়ীত ছিলেন । নিজে এই মায়া কাটিতে পারছিলেন না । ব্রহ্মার স্তুতিতে যোগমায়া যখন বিষ্ণুর হইতে মায়া সরাইলেন তখনই বিষ্ণুর যোগ নিদ্রা ভঙ্গ হইল । বিষ্ণুর এই মায়াতে আমরা সকলেই আচ্ছন্ন ।

শ্রী শ্রী চণ্ডীতে আছে :

যা দেবী সর্ব ভূতেষু বিষ্ণুমায়েতি শব্দিতা ।

নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ ॥

কেন উপনিষদে দেখিতে পাই যে দেবতারা যখন অভিমানী হইলেন, কারণ তাহারা মনে করিলেন, অসুরবিজয় তাহারাই করিয়াছেন । কিন্তু আসলে অসুর বিজয় ব্রহ্মদ্বারাই সম্পন্ন হইয়াছে । ব্রহ্ম দেবতাদের শিক্ষাদিবার জন্যে দেবতাদের সম্মুখে যক্ষ রূপে প্রত্যক্ষ হইলেন । ইনি কে তাহা জ্ঞানবার জন্য অগ্নি, বায়ু একে একে সকলেই আসিলেন কিন্তু কেহই কে ইনি চিনিতে পারিলেন না । তখন ইন্দ্র আসিলেন । যক্ষ অদৃশ্য হইয়া আকাশে স্বর্ণোজ্জ্বল বিদ্যুৎ প্রভা সমান অতি সুশোভনা শ্রীরূপিনী উমার বা হৈমাবতীর আবির্ভাব হইল ।

স তস্মিন্বেবাকাশে স্ত্রিয়মাজগাম বহুশোভমানামুমাং হৈমবতীম্ ।

তাং হোবাচ - কিমেতদ্ যক্ষমিতি ।

এই উমা বা হৈমমণ্ডিত হৈমবতীকে পরবর্তী কালে ভারতীয় আদিবাসীরা হিমালয় কন্যা উমা পার্বতী রূপে পূজা করিয়াছেন । উমা বা পার্বতী ব্রহ্মস্বরূপা, তাই তিনি আমাদের কাছে ব্রহ্মময়ী মা ।

বিভিন্ন পুরাণে, উপনিষদে শক্তিকে আমরা বহুরূপে, বিভিন্ন নামে দেখিতে পাই । শক্তিমান ও শক্তি অভিন্ন । ব্রহ্মের মহিমা প্রচারের জন্যই যেন ব্রহ্ম শক্তিকে প্রধান করিয়া দেখান হইয়াছে । যে শক্তি ও শক্তিমানের মূল অভেদত্ব সত্ত্বেও অভেদ ও ভেদ কল্পনা করিয়া শক্তির মহিমা প্রকাশ, এইখানেই ভারতীয় শক্তিবাদের বীজ । ভগবানের অনন্ত শক্তি সকল দেশে সর্বকালে সকল শাস্ত্রেই স্বীকৃত । কিন্তু সেই শক্তিকে শক্তিমান হইতে পৃথক করিয়া তাহাতে একটা স্বতন্ত্র সত্ত্বা এবং মহিমা আরোপ করিয়া স্থায়ী মহিমায় শক্তিরই প্রতিষ্ঠা । ইহাই ভারতীয় শক্তিবাদের অভিনবত্ব ।

ঋক্বেদের রাত্রী সূক্তটিকেও দেবীর সহিত এক করিয়া লওয়া হয় । অনেক পুরাণে দেবীকে ‘রজনী’ রূপে বর্ণনা করা হইয়াছে । তন্ত্রশাস্ত্রে দেখি দিবা শিবের এবং রাত্রি শক্তির প্রতীক । অথর্ববেদের প্রসিদ্ধ পৃথিবী সূক্তে (১২/১) পৃথিবীকে বিশ্বজননী রূপে বর্ণনা করা হইয়াছে । প্রকৃতিই সকলের উৎপত্তিস্থল । এই গুণময়ী প্রকৃতিই বিষ্ণুর মায়া শক্তি । দৈবী মায়া পুরুষোত্তমের আশ্রিতা মায়া । যে শক্তি বাক্য মনের অগোচর বিশেষণহীনা, শুধুমাত্র জ্ঞানিগণের দ্বারা নির্ণীত সেই ঈশ্বরই হইলেন পুরুষোত্তমের স্বরূপভূতা পরা শক্তি আর সর্বভূতের মধ্যে যে গুণাশ্রয়া শক্তি তাহাই হইল অপরা শক্তি ।

পুরাণাদিতে দেখা যায় পুরুষ ও প্রকৃতি বিষ্ণু শক্তির অন্তর্গত । বিষ্ণুপুরাণে বিষ্ণুর পরা শক্তিকে

বলা হইয়াছে মূল প্রকৃতি । ব্রহ্মবৈবর্ত পুরাণে দেখা যায় ‘ প্র ’ শব্দ হইল প্রকৃষ্টবাচক , ‘কৃতি’ শব্দ সৃষ্টি বাচক । সৃষ্টিতে যিনি প্রকৃষ্টা (শ্রেষ্ঠা) তিনিই প্রকৃতি । শ্রুতিতে ‘ প্র ’ শব্দ প্রকৃষ্টসত্ত্ববাচক , ‘কৃ’ শব্দ রজোগুণবাচক এবং ‘তি’ শব্দ তমোগুণ বাচক । যিনি ত্রিগুণাত্মকস্বরূপা (ব্রহ্মা,বিষ্ণু,শিবই হইলেন এই তিন গুণ), সর্বশক্তিসমধিতা, সৃষ্টিকারণে প্রধান - তিনিই প্রকৃতি ।

প্রকৃতি ব্রহ্মস্বরূপা মায়াময়ী, নিত্য এবং সনাতনী । অগ্নির দাহিকা শক্তির ন্যায় যে স্থানে আত্মা,প্রকৃতিও সেই স্থানে বিরাজ করে । এই আদ্যাশক্তি মূল প্রকৃতি সৃষ্টি-কার্যের জন্য পঞ্চধা বিভক্ত হইলেন । দুর্গা হইলেন প্রকৃতির প্রধান রূপ, দ্বিতীয়া লক্ষ্মী, তৃতীয়া সরস্বতী, চতুর্থী সাবিত্রী এবং পঞ্চমা শক্তি রাধা । দশ মহা বিদ্যা, সকলেই দুর্গারই অংশ । এ ছাড়া বিভিন্ন জন গোষ্ঠি নিজেদের প্রয়োজন মত বিভিন্ন দেব দেবীর কল্পনা করিয়া পূজা ও সাধনা করিয়া থাকেন ।

শক্তি পূজার উৎস সন্ধান করিতে গিয়া দেখিতেছি , ইহা অনন্ত, ইহার শেষ নাই । শক্তি মানে - বল, দৈহিক বা মানসিক । মানুষ অপরের উপর বিজয় লাভ করিবার জন্য দৈবী শক্তির সাহায্য প্রার্থনা করে । এই বিজয়ের প্রার্থনা দু’রকমের , সংসারের বন্ধন মুক্তির জন্য এবং মানব কল্যাণের জন্য । এরা হইলেন , মুনি ঋষিরা । আর দ্বিতীয়রা হলেন -কামনা, বাসনা পুরণের জন্য , এরা হলেন সাধারণ মানুষেরা ।

শক্তি আমাদের ভিতরে রহিয়াছে- মনের ভিতরে । সেই শক্তিকে জাগরিত করিয়া সৎপথে চালিত করা হইলে অনেক কিছু করা যায় । আমাদের শক্তি দিবার জন্য মহা শক্তি আমাদের কাছেই আছেন । মনের আনন্দই আসল শক্তি । মনে আনন্দ থাকিলে শরীর সুস্থ থাকে আর শরীর সুস্থ থাকিলে সকলই করা যায়। সেই আনন্দ স্বরূপ শ্রী নারায়ণই সকল আনন্দের উৎস । সুরুতে দেখিয়াছি শ্রী বিষ্ণু বা নারায়ণ নিজে আনন্দ পাইবার জন্য নিজ দেহ হইতে মায়ার সৃষ্টি করিলেন । এখন দেখা যাচ্ছে শক্তির উৎস নিজের মনের আনন্দ । আর পূজা উপলক্ষ্য করিয়াই বেশী আনন্দ পাওয়া যায় ।



By: Austin Roy Chowdhury

প্রেমিক - প্রেমিকা

বিয়ের আগে

- প্রিয় - ওঃ! আর ধৈর্য থাকছে না।
প্রিয়া - আমাকে কি চলে যেতে বলছ?
প্রিয় - না! ও কথা চিন্তাতেও এন না।
প্রিয়া - তুমি আমায় ভালবাস?
প্রিয় - নিশ্চয়ই! সবসময়।
প্রিয়া - তুমি কি আমায় কখনো প্রতারণা করেছ?
প্রিয় - না! অযথা এ প্রশ্ন কেন?
প্রিয়া - তুমি আমায় চুমু দেবে।
প্রিয় - যখনই সুযোগ পাব।
প্রিয়া - তুমি কখনও কি আমার গায়ে হাত তুলবে?
প্রিয় - কখনও না! তুমি কি পাগল হলে?
প্রিয়া - তোমায় বিশ্বাস করতে পারি?
প্রিয় - হ্যাঁ!
প্রিয়া - প্রিয়তম!

বিয়ের পরে

নীচের থেকে উপর দিকে পড়তে হবে



SAHARA Travel & Tours
FAX (204) 269-0311

Your *Best Choice* for
Middle East
Africa
Indian S.C.
Asia
& Europe

We Offer:

- Airfares on all major airlines around the globe
- Hotel & Car Rental
- Charter - Tour Packages
- Cruises - Rail
- Free Ticket Delivery
- Full service travel agency with experienced staff
- Extensive knowledge in travel industry
- Service to Winnipeg Communities over 10 years

please call ZAHRA at 269-3567 or e-mail: sahara1@skyweb.ca
or Visit our New Office at
2995 Pembina Hwy, Winnipeg, MB R3T 2H9

এলোরে দুৰ্গা পূজা

অশোক মুখোপাধ্যায় (দিল্লী)

টাক্ ডুম্ ডুম্ বাদি বাজে দুৰ্গাপূজা এলো ,
বাঙ্গালীমন বলে ওঠে পূজামণ্ডপে চলো ।
মহালয়াতে প্রাণে আসে পূজো পূজো সাজ,
ভোর বেলাতে চণ্ডীপাঠ শুনতে হবে আজ ।
মাত্র কদিন মাঝখানেতে , যষ্ঠী তারপরে,
ঐ দিনেতে নতুন কাপড় পরতে মনে পড়ে ।
সপ্তমী যে শুরু হবে পরের দিন ভোরে ,
প্রথম দিনে মাকে জানাই প্রণাম করজোড়ে ।
অঞ্জলীতো দিতেই হবে অষ্টমী পূজা শেষে ,
অনেক লোকের সমাবেশ ,রং বেরং এর বেশে ।
এর পরেতে প্রসাদ খাওয়া , দুপুর বেলায় ভোগ ,
সন্ধি পূজা যখনই হোক দিতেই হবে যোগ ।
